তারিখ 15 MAY, 199৮
পৃষ্ঠা ১ কলাম ৭

258

সাবেক কেন্দ্রীয় কমিটির ৩১ জনের বিবৃতি

# ছাত্রলীগের নূতন কমিটির প্রতি অনাস্থা

ছাত্র লীগের (আ-অ) সাবেক কেন্দ্রীয় কমিটির ৩১জন সদস্য গতকাল (বৃহস্পতিবার) এক যুক্ত বিবৃতিতে নব নির্বাচিত কমিটির প্রতি অনাস্থা জ্ঞাপন করিয়াছেন। বিবৃতিতে নূতন কমিটি সম্পর্কে বিস্ময় প্রকাশ করিয়া বলা হয়, একটি বিশেষ মহল হীন উদ্দেশ্য

(১১শ পৃ: ৫-এর ক: দ্র:)

## ছাত্রলীগের নূতন কমিটি

( শেষ পৃ: পর )

চরিতার্থ করান জন্য বিষয় নির্বাচনী কমিটিকে উপেক্ষা করিয়া গত বুধবার গভীর রাতে একটি 'পকেট' কমিটি ঘোষণা করিয়াছে। এই কমিটির সহিত ছাত্র লীগের বিষয় নির্ধারণী সভা ও কাউন্সিলরদের কোন সম্পর্ক নাই। ছাত্র লীগকে ধ্বংস করার জন্য ইহা একটি সুদূর প্রসারী ষড়যন্ত্র। বিবৃতিতে বলা হয়, গণতান্ত্রিক পন্থায় ছাত্রলীগের নূতন নেতৃত্ব নির্বাচনের ব্যাপারে আলোচনা চলিতেছে। কাউন্সিলরদের মতামতের ভিত্তিতে অচিরেই ছাত্রলীগের নতুন নেতৃত্ব নির্বাচন করা হইবে। বিবৃতিতে স্বাক্ষরদানকারীরা হইলেন: সাবেক সহ-সভাপতি সৈয়দ কামরুল হাসান, আতাউর রহমান, সাবেক গ্রন্থণা ও প্রকাশনা সম্পাদক শাহে আলম মুরাদ, সাবেক সমাজসেবা সম্পাদক সৈয়দ ফজলুর রহমান, সাবেক ছাত্রী বিষয়ক সম্পাদিকা রেবেকা সুলতানা, সাবেক শিক্ষা ও পাঠচক্র সম্পাদক লুৎফর রহমান, সাবেক অর্থ সম্পাদক নজীবুল্লাহ হীরু ও ২৪ জন সদস্য।